



December Lunchtime 2018

Problem Code: AGECAL

Age Calculator

শেফের গ্রহের নাম Javad। Javad-এ এক বছরে N মাস রয়েছে যারা 1 থেকে N দ্বারা চিহ্নিত। প্রত্যেক প্রযোজ্য i এর জন্য, i -তম মাসে a_i দিন রয়েছে যারা 1 থেকে a_i দ্বারা চিহ্নিত।

Javad-এ যে বছরগুলো 4 দ্বারা বিভাজ্য সেগুলো অধিবর্ষ - প্রত্যেক অধিবর্ষের শেষ মাসে একদিন বেশি থাকে (এতে a_N+1 দিন থাকে)।

শেফের জন্ম তারিখ এবং বর্তমান তারিখ তোমাকে দেওয়া হবে। শেফের বয়স দিনে বের করো অর্থাৎ শেফের জন্ম তারিখ এবং বর্তমান তারিখের মধ্যে দিনের সংখ্যা (ঐ দুই দিন সহ) বের করো।

ইনপুট:

- ইনপুটের প্রথম লাইনে একটা পূর্ণসংখ্যা T দেওয়া আছে যা টেস্টকেস সংখ্যা নির্দেশ করে। এরপর T টেস্টকেস এর বর্ণনা দেয়া আছে।
- প্রত্যেক টেস্টকেসের প্রথম লাইনে একটা পূর্ণসংখ্যা N দেয়া থাকে।
- দ্বিতীয় লাইনে N সংখ্যক পূর্ণসংখ্যা a_1, a_2, \dots, a_N থাকে।
- তৃতীয় লাইনে তিনটা ধনাত্মক পূর্ণসংখ্যা y_b, m_b এবং d_b থাকে যা যথাক্রমে শেফের জন্ম তারিখের বছর, মাস এবং দিন নির্দেশ করে।
- চতুর্থ লাইনে তিনটা ধনাত্মক পূর্ণসংখ্যা y_c, m_c এবং d_c থাকে যা যথাক্রমে বর্তমান তারিখের বছর, মাস এবং দিন নির্দেশ করে।

আউটপুট:

প্রত্যেক টেস্ট কেস এর জন্য এক লাইনে একটি পূর্ণসংখ্যা প্রিন্ট করতে হবে — দিনে শেফের বয়স।

শর্তাবলি:

- $1 \leq T \leq 70$
- $1 \leq N \leq 10,000$
- $1 \leq a_i \leq 10,000$ প্রত্যেক প্রযোজ্য i এর জন্য
- $1 \leq y_b, y_c \leq 100,000$
- $1 \leq m_b, m_c \leq N$
- y_b বছরের m_b মাসে মোট দিনের সংখ্যার চেয়ে d_b ছোট বা সমান হবে
- y_c বছরের m_c মাসে মোট দিনের সংখ্যার চেয়ে d_c ছোট বা সমান হবে
- বর্তমান তারিখ শেফের জন্ম তারিখের চেয়ে বড় বা সমান হবে

সাবটাস্ক:

- সাবটাস্ক #1 (10 পয়েন্ট):
 - $1 \leq y_b, y_c, N \leq 1,000$
 - $1 \leq a_i \leq 1,000$ প্রত্যেক প্রযোজ্য i এর জন্য
- সাবটাস্ক #2 (90 পয়েন্ট): মূল শর্তাবলি

নমুনা ইনপুট:

4
5
1 2 3 4 5
2 1 1
3 5 1
2
3 3
1 1 1
2 2 2
2
1 1
3 1 1
3 2 1
5
1 4 3 4 6

3 5 6
10 1 1

নমুনা আউটপুট :

26

11

2

112